দৈনিক জনকণ্ঠ

তারিখ 2-8-OCT 2002
পৃষ্ঠা ৫ কলাম ৪

# নজরুল রচনাবলী ক্যালিফোর্নিয়া স্টেট ইউনিভার্সিটির পাঠ্য তালিকাভুক্ত

ক্যালিফোর্নিয়া স্টেট ইউনিভার্সিটি নজরুল রচনাবলী তাদের পাঠ্য তালিকায় অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। সম্প্রতি এই সিদ্ধান্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদনও লাভ করেছে।

ইউনিভার্সিটির শিক্ষয়িত্রী প্রফেসর ফিলিস হারম্যান জানিয়েছেন, আগামী স্প্রিং সেমিস্টারে (২০০৩) তিনি নজরুল রচনাবলী তাঁর পাঠ্য তালিকায় অন্তর্ভুক্ত করবেন। এ জন্য ক্যালিফোর্নিয়ার তরঙ্গ শিল্পী গোষ্ঠীর সঙ্গে প্রফেসর ফিলিস হারম্যান প্রাথমিক পর্যায়ে কাজ শুরু করেছেন। এ বিষয়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভূতপূর্ব অধ্যাপক ড. কাজী নাসিরউদ্দিন পাঠ্যতালিকা ও কর্মসূচী পরিকল্পনার দায়িত্ব গ্রহণ করেছেন। তিনি লস এ্যাঞ্জেলেসের একটি কলেজে কম্পারেটিভ লিটারেচারের ওপর শিক্ষকতা করছেন। সম্প্রতি তরঙ্গ শিল্পী গোষ্ঠীর প্রধান ড. গুলশান আরা কাজী ও কাজী বেলালের বাসভবনে এক বৈঠকে এই সিদ্ধান্ত নেয়া হয়। বৈঠকে ক্যালিফোর্নিয়া স্টেট ইউনিভার্সিটির প্রতিনিধিত্ব করেন প্রতিষ্ঠানের ভাইস প্রেসিডেন্ট ও নির্বাহী পরিচালক ম্যারি উডস ও প্রতিষ্ঠানের শিক্ষয়িত্রী প্রফেসর ফিলিস হারম্যান। তরঙ্গ শিল্পী গোষ্ঠীর প্রতিনিধিত্ব করেন তরঙ্গ প্রধান ড. গুলশান আরা কাজী ও কাজী বেলাল। তাঁদের সহযোগিতায় ছিলেন এজাজ আহমেদ ও মোহাম্মদ শিপার।

সভায় বাংলাদেশ সরকারের প্রতিনিধিত্ব করেন লস এ্যাঞ্জেলেসে নিযুক্ত বাংলাদেশের কনসাল জেনারেল সৈয়দ মাহমুদ আলী। এছাড়াও ভিন্নমত পত্রিকার প্রধান সম্পাদক শহিদুল্লাহ খান, সম্পাদক কুদ্দুস খান ও পত্রিকার স্বত্বাধিকারী পান্না খানও সভায় উপস্থিত ছিলেন। -বিজ্ঞপ্তি।